

This question paper contains 4 printed pages]

Your Roll No.....

234

B.A. (PROGRAMME)/I

J

BENGALI LANGUAGE (B)—Paper I

(Skill of Language Use and One Modern Prose Text)

(Admission of 2005 and onwards)

Time : 3 Hours

Maximum Marks : 75

(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)

1. নীচের বিষয়গুলির মধ্যে যে-কোন **একটি** সম্পর্কে 15
প্রবন্ধ লেখো :-

(ক) তোমার প্রিয় লেখক

(খ) শীতের এক উজ্জ্বল সকাল

(গ) এ যুগের বিজ্ঞান সাধনা

(ঘ) ভারতের জাতীয় সংহতি : সমস্যা ও সমাধান

2. নিম্নোক্ত অংশটি পাঠ করে নিম্নলিখিত প্রশ্নের 15
উত্তর দাও :-

কেবল পশুবলে জগতের কোন জাতি বড় হইতে

পারে নাই। কেবল অর্থবলে কেহ বড় হয় নাই।

জগতের জাতীয় মণ্ডপে উচ্চাঙ্গ পাইতে গেলে চাই

P.T.O.

মস্তিস্কের বল, যাহার বিকাশ সাহিত্যে ও বিজ্ঞানে,
 আর চাই মনের বল, যাহার প্রকাশ চরিত্রে ও
 ব্যবহারে। বাঙ্গলার রবীন্দ্রনাথ ও জগদীশচন্দ্র বাঙ্গালীর
 মনীষার পরিচয় গর্বিত পাশ্চাত্য জাতিকে দিয়াছেন।
 কিন্তু দুই একটি কোকিলে কি বসন্তের সৌন্দর্য
 আনিতে পারে? চাই আমরা সহস্র কোকিলের কলতান,
 যাহা জগেতের শীতস্তব্ধ বক্ষে বসন্ত যৌবনের অনন্ত
 উজ্জ্বল মধুরভাব জাগাইয়া দিয়া বিশ্ববাসীর অনিচ্ছুক
 কর্ণকে ভারতের দিকে উৎকর্ণ কবিবে। ভবিষ্যত
 ভারত অতীত ভারত অপেক্ষা বৃহৎ, মহৎ ও উজ্জ্বল
 হইবে। ছাত্রবন্ধুগণ, তোমরা ভুলিও না - এই
 গুরুকার্যের আর তোমাদেরই উপর ন্যস্ত।

- (ক) জগতে স্থায়ী প্রতিষ্ঠালাভের জন্যে কি প্রয়োজন?
 (খ) কোন্ কোন্ বাঙালি নিজের মনীষার পরিচয়
 পাশ্চাত্য জাতিকে দিয়েছেন?
 (গ) সহস্র কোকিলের কলতান চাই কেন?
 (ঘ) মহৎ ও উজ্জ্বল ভবিষ্যত কাদের ওপর
 নির্ভরশীল কেন?

3. নীচের বাক্যগুলি শুদ্ধভাবে লেখ (যে কোনও **পাঁচটি**):- 5

(ক) আমি তখন একথা বলল।

(খ) এখন সবাই আনন্দেতে দুহাত তুলে নৃত্য করো।

(গ) নদীতে বন্যা এসে দুকূল প্রাবিত করিল।

(ঘ) তিনি রেগে একেবারে অগ্নিকাণ্ড হয়ে আছেন।

(ঙ) উনি একটি বিড়াল সন্ন্যাসী।

(চ) আপনারা এত সকালে সকালে কোথায় চললে।

(ছ) আমি নিজে কখনই একথা বলা সম্ভব নয়।

4. বিপরীতার্থক শব্দ লেখ (যে কোনও **দুটি**):- 5

উন্নতি, বন্ধু, উৎকর্ষ, সাদৃশ্য, উচ্চ, সরল, নিকট ।

5. যে কোনও **দুটি** প্রশ্নের উত্তর দাও :- 15+15

(ক) 'চিকিৎসা সঙ্কট' গল্পটিতে নায়ক নন্দদুলাল

কিভাবে সঙ্কটমুক্ত হলেন তার সংক্ষিপ্ত বর্ণনা

দাও।

- (খ) 'মহেশ' গল্পটির সারমর্ম নিজের ভাষায় লেখ।
- (গ) 'রসময়ীর রসিকতা' অদ্ভুত কল্পনার বিষয়ীভূত হয়েও কিভাবে শিল্পসৌন্দর্যে অনবদ্যতা লাভ করেছে তা বিচার কর।
- (ঘ) পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত যে কোনও একটি গল্পের নামকরণের সার্থকতা নিরূপণ কর।

6. সংক্ষিপ্ত টীকা লেখ (যে কোনও দুটি)

5

- (ক) সুন্দরবনের মশা (খ) তর্করত্ন
- (গ) বিনোদিনী (ঘ) তারিণী কবিরাজ।